কানাইঘাটে করিম হত্যা: ছাত্রদল নেতা ফয়জুল ইসলামের জামিন

কানাইঘাট প্রতিনিধি: সিলেটের কানাইঘাটে বহুল আলোচিত যুবলীগ নেতা আব্দুল করিম হত্যা মামলায় ছাত্রদল নেতা ফয়জুল ইসলামকে জামিন দিয়েছেন আদালত।

গ্রেপ্তারের প্রায় দেড় বছর পর জামিন পেলেন তিনি।

বৃহস্পতিবার সিলেট মহানগর দায়রা জজ আদালতের বিচারক এএসএম আব্দুল মোবিন তাকে ছয় মাসের জামিন দিয়েছেন। এদিন আদালতে ফয়জুল ইসলামের পক্ষে শুনানি করেন এ্যাডভোকেট খায়রুল আলম।

রাষ্ট্রপক্ষের পিপি আব্দুছ ছাত্তার জামিনের বিষয়টি নিশ্চিত করে বলেন, আদালত ফয়জুল ইসলামকে ছয় মাসের জামিন দিয়েছেন।

২০১২ সালের ৭ সেপ্টেম্বর সিলেটের কানাইঘাট উপজেলার ঝিংগাবাড়ী ইউনিয়নের গোয়ালজুর গ্রামের যুবলীগ নেতা আব্দুল করিমকে রাতের আঁধারে কুপিয়ে হত্যা করে দুর্বৃত্তরা।

পরদিন ৮ সেপ্টেম্বর আব্দুল করিমের ভাই আব্দুর রহিম বাদী হয়ে কানাইঘাট থানায় একটি হত্যা মামলা দায়ের করেন। মামলা নং-১৩/১২। মামলার আসামীরা হলেন গোয়ালজুর গ্রামের নুরুল হকের ছেলে জামাল উদ্দিন, আকুনী গ্রামের তবারকের ছেলে জাহিদ, নারাইনপুর গ্রামের জামিলের ছেলে নসির উদ্দিন ও খাসরমাটি গ্রামের মকবুল আলীর ছেলে ফয়জুল ইসলাম।

মামলা দায়েরের পরের দিন জাহিদকে হরিপুর থেকে গ্রেফতার করে কানাইঘাট থানা পুলিশ। প্রায় ৬ মাস পর ঢাকা থেকে নাসির উদ্দিনকে র্যাবের সহযোগিতায় গ্রেফতার করতে সক্ষম হয় কানাইঘাট থানা পুলিশ এবং প্রায় দেড় বছর পর জৈন্তুাপুরের দলইমাটি থেকে ২০১৪ সালের ১০ ফেব্রুয়ারি ফয়জুল ইসলামকে গ্রেফতার করা হয়। গ্রেফতারের প্রায় দেড় বছর পর জামিন পেলেন ছাত্রদলের এ নেতা।
মামলার প্রধান আসামি ঘটনার পর থেকে পলাতক রয়েছে।
বর্তমানে এ মামলায় নাসির জেল হাজতে, জাহিদ ও ফযজুল জামিনে ও অপর আসামী জামাল পলাতক রয়েছেন।
বর্তমানে মামলাটি সিলেট মহানগর দায়রা জজ আদালতে সাক্ষ্যগ্রহণ